# বিশেষ আদালত (অতিরিক্ত দায়িত্ব) আইন, ২০০৩

( ২০০৩ সনের ৩৫ নং আইন )

**দ্রুত মামলা নিষ্পত্তির লক্ষ্যে কতিপয় বিশেষ আদালতের অতিরিক্ত দায়িত্ব নির্ধারণকল্পে প্রণীত আইন।**

যেহেতু দ্রুত মামলা নিষ্পত্তির লক্ষ্যে কতিপয় বিশেষ আদালতের অতিরিক্ত দায়িত্ব নির্ধারণ করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১। (১) এই আইন বিশেষ আদালত (অতিরিক্ত দায়িত্ব) আইন, ২০০৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "বিশেষ আদালত" অর্থ the Civil Courts Act, 1887 (E.B. Act XII of 1887) এবং the Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এর অধীন প্রতিষ্ঠিত আদালত ব্যতীত অন্য যে কোন আইনের অধীন প্রতিষ্ঠিত আদালত, বিশেষ আদালত বা ট্রাইব্যুনাল, যে নামেই অভিহিত হউক না কেন;

(খ) "বিশেষ জেলা জজ আদালত" অর্থ ধারা ৪(ক) এর অধীন ঘোষিত বিশেষ জেলা জজ আদালত (Court of Special District Judge);

(গ) "বিশেষ দায়রা আদালত" অর্থ ধারা ৪(খ) এর অধীন ঘোষিত বিশেষ দায়রা আদালত (Special Court of Session)।

**আইনের প্রাধান্য**

৩। আপাততঃ বলবত্ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।

**বিশেষ জেলা জজ আদালত কিংবা**

৪। The Civil Courts Act, 1887 (E. B. Act XII of 1887) এবং the Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিচার কর্মবিভাগের জেলা জজ পদের